# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 26 April, 2025

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিজিবি-বিএসএফ এর ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে সৌজজন সাক্ষাত ও পায়ে হেটে জিরোলাইন পরিদশন করেছেন। শনিবার সকালে বিএসএফ এর দায়িত্বপুর্ণ এলাকা সীমান্তের ৬৪ নং পিলারের পাশে চ্যাংখালী নামক স্থানে মহেশপুর ৫৮ বিজিবি ও বিএসএফএর ৩২ ব্যাটালিয়নের তাদের এ সৌজন্য সাক্ষাত হয়।

সেসময় ৫৮ বিজিবির অধিনায়ক লে.কর্নেল রফিকুল আলম পিএসসি, স্টাফ অফিসারসহ ১২ জন ও বিএসএফএর ৩২ ব্যাটালিয়নের কমান্ডেন্ট শ্রী সুজিত কুমার ১২ জন স্টাফ অফিসারসহ উভয়পক্ষের ২৪ উপস্থিত ছিলেন।

সেসময় তারা আড়াই কিলোমিটার রাস্তা পায়ে হেটে সীমান্ত পরিদর্শণ করেন।সৌজন্য সাক্ষাতে বিজিবি বিএসএফর মধ্যে সুসম্পর্ক, সীমান্ত পরিস্থিতি সুস্থ্য ও সাভাবিক রাখা, সীমান্তে হত্যা না হওয়া এবং মাদক চোরাচালান প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণসহ সীমান্ত সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়।এছাড়া দুদেশের সীমান্ত রক্ষী বাহিনীর মধ্যে ভবিষ্যতে সুসম্পর্ক বজায় রাখার অঙ্গীকার ব্যক্ত করা হয়।

সীমান্ত বিজিবি বিএসএফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:35

URL: https://timestodaybd.com/khulna/1473775807